

Sazzad

file:///C:/Users/pc%20sandrine/AppData/Local/Microsoft/Windows/Temporary%20Internet%20Files/Content.Outlook/5KW2OHJX/4Kaf4Kay4KeN_%20%E0%A6%B8%20_%20%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%9C%E0%A7%8D%E0%A6%9E%E0%A6%BE%E0%A6%A8%20%E0%A6%93%20%E0%A6%9F%E0%A7%87%E0%A6%95%20_%20The%20Daily%20Ittefaq.html

দেশে হ্যাকারদের জন্য প্ল্যাটফর্ম তৈরি করেছে বিটস

জনলাইন ডেজ ২৬ আগস্ট, ২০১৭ ইং ১৫:২৯ মিঃ

উন্নত বিশ্বের আদলে এবার বাংলাদেশেই হ্যাকারদের জন্য ক্রাউড সোর্স সিকিউরিটি প্ল্যাটফর্ম তৈরি করছে দেশীয় সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠান বিটস। সাইবার সিকিউরিটি লিমিটেড। নির্বাচিত হ্যাকারদের জন্য আর্থিক সুবিধাসহ বিভিন্ন প্রজেক্টে কাজ করার সুযোগ এবং ভবিষ্যতে একই প্রতিষ্ঠানে কর্মসংস্থানেরও সুযোগ রয়েছে।

বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছে বিটস। প্রতিষ্ঠানটি বলছে, সারা পৃথিবী থেকে সেরা হ্যাকারদের বিভিন্ন প্রোগ্রামের মাধ্যমে কাজের সুযোগ দেয় গুগল, ফেসবুক, মাইক্রোসফটের মতো বড় প্রতিষ্ঠানগুলো। বাংলাদেশেও বিভিন্ন স্কিল সেটের হ্যাকারে থাকলেও তারা সরকারি বা বেসরকারি কোন কার্যক্রমে অংশ নেওয়ার সুযোগ পাচ্ছে না। তাদের যথাযথ সম্মানও দেওয়া হচ্ছে না। ডিজিটাল বাংলাদেশের সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে দেশীয় হ্যাকারদের জন্য বিটস প্রাথমিক অবস্থায় ক্রাউড সোর্স সিকিউরিটি প্ল্যাটফর্ম তৈরি করছে।

ক্রাউড সোর্স সিকিউরিটি প্ল্যাটফর্মে সদস্য হতে হলে প্রথমে beetles.io ঠিকানায় একটি নিরীক্ষণ পদ্ধতিতে অংশগ্রহণ করতে হবে। তারা এই প্ল্যাটফর্মে চূড়ান্তভাবে অংশ নেওয়ার সুযোগ পাবেন তারা সাইবার সিকিউরিটির মার্টিস, পেনিট্রেশন টেস্টিং, ভালনিরাবিলিটি এসেসমেন্ট, সোর্সকোড অডিট, ফরেনসিক, ম্যালওয়্যার অ্যানালাইসিস, আইওএ, আইওসি, মোবিলিটি সিকিউরিটি, এন্ডপয়েন্ট সিকিউরিটি নিয়ে কাজ করবেন।

যেসব কোম্পানি বিটসের কাছে সাইবার সিকিউরিটি পরামর্শ নিতে আসবে তাদেরকে একজন সিআইএমএপি (সোর্টফাইড ইনফরমেশন সিস্টেমস সিকিউরিটি প্রোফেশনাল) সোর্টফাইড তত্ত্বাবধায়কের নিরীক্ষণের নিয়ন্ত্রণে বিটসের নিজস্ব প্ল্যাটফর্মের মাধ্যমে কাজ করার সুযোগ করে দেওয়া হবে। হ্যাকাররা সিকিউরিটি টেস্ট করবেন এবং এর সম্ভাব্য সমাধান কি সেটাও জানিয়ে দেবেন। এর বিনিময়ে হ্যাকারদের সম্মান দেওয়া হবে এবং হল অব ফেমে তাদের নাম রাখা হবে। তবে ব্যানক, অর্থনৈতিক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং নির্বাচিত ক্লাইন্টদের ক্ষেত্রে ক্রাউড সোর্সিং এর পরিবর্তে বিটসের রেড টিম দিয়ে কাজ করাণো হবে।

এ ব্যাপারে বিটসের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মো. মুকিত হালিম বলেন, বাংলাদেশের হ্যাকারদের দেখভাল না করার কারণে তারা হারিয়ে যাচ্ছে। বাংলাদেশের হ্যাকারদের যত্ন করলে এবং তাদের সুযোগ দিলে আগামীতে তারা দেশের জন্য বড় অ্যাক্ট হিসেবে কাজ করতে পারবে। বাংলাদেশের সাইবার স্পেসকে সুরক্ষিত করা এবং নিরাপদ রাখার জন্য বিটস ডিফেন্স বিভাগসহ বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের সাথে কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন।

ইত্তেফাক রোজা

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক রুপ অব পাবলিকেশন পি-এর পক্ষে জারিন হোসেন কর্তৃক ০০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারশাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

Luc

https://www.thaich8.com/news_detail/46755/%E0%B9%84%E0%B8%82%E0%B9%89%E0%B8%AB%E0%B8%A7%E0%B8%B1%E0%B8%94%E0%B9%83%E0%B8%AB%E0%B8%8D%E0%B9%88%E0%B8%A5%E0%B8%B3%E0%B8%9B%E0%B8%B2%E0%B8%87%E0%B8%A3%E0%B8%B0%E0%B8%9A%E0%B8%B2%E0%B8%94%E0%B8%AB%E0%B8%99%E0%B8%B1%E0%B8%81%E0%B8%9E%E0%B8%9A-8-%E0%B8%AB%E0%B8%A1%E0%B8%B7%E0%B9%88%E0%B8%99%E0%B8%A3%E0%B8%B2%E0%B8%A2

ไขหวัดใหญ่ลำปางระบาดหนักพบ 8 หมืนราย

📅 วันที่ลงข่าว 6 กันยายน 2560 เวลา 12:04 น. 👁 15,299



แชร์โพส



“ ลำปางไขหวัดระบาดหนัก พบแล้วกว่า8หมื่นราย เป็นอันดับที่ 11 ของไทย สั่งคุมเข้ม
เตือนประชาชนรักษาสุขภาพ ใช้มาตรการ ปิด ล้าง เลี่ยง หยุด เพื่อป้องกันการแพร่
ระบาดของไขหวัดใหญ่ทุกสายพันธุ์ ”

Mateo

https://mobile.nytimes.com/2017/09/05/world/americas/brazil-dilma-rousseff-lula-corruption-workers-party.html?rref=collection%2Ftimestopic%2FBrazil&action=click&contentCollection=world®ion=stream&module=stream_unit&version=latest&contentPlacement=3&pgtype=collection&referrer=http://www.nytimes.com/topic/destination/brazil

Luc:

<https://hilight.kapook.com/view/159454>